

বকেয়া বেতনের দাবিতে শ্রমিকদের সড়ক অবরোধ

নিজস্ব প্রতিবেদক, ঢাকাটাইমস

প্রকাশিত : ১৪ আগস্ট ২০১৮, ১৯:৫১



সাভারের আশুলিয়ায় একটি তৈরি পোশাক কারখানায় বকেয়া বেতন ও বন্ধ কারখানা খুলে দেয়ার দাবিতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে শ্রমিকরা। এর আগে গত ৩১ জুলাই একই দাবিতে কারখানার সামনে অবস্থান কর্মসূচি পালন করেছিল শ্রমিকরা।

মঙ্গলবার বিকাল সাড়ে ৪টায় জামগড়া এলাকায় টঙ্গী-আশুলিয়া-ইপিজেড সড়কে বিক্ষোভ করে মেসার্স বাঁধন করপোরেশন লিমিটেড নামে কারখানার কয়েকশ শ্রমিক।

শ্রমিকরা জানায়, চলতি বছরের জুন মাসের বেতন বকেয়া পড়ায় জুলাই মাসের মাঝামাঝি সময় তারা কর্মবিরতি পালন করলে গত ১৯ জুলাই কলকারখানা অধিদপ্তর, বিজিএমইএ, কারখানাটির মালিক ও শ্রমিকদের মাঝে সমঝোতা চুক্তি হয়। এতে ৩০ জুলাই বেতন পরিশোধের লিখিত ঘোষণাও দেয়া হয়। কিন্তু বেতন পরিশোধ না করে গত ৩১ জুলাই থেকে কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে পালিয়ে যায় মালিকপক্ষ।

শ্রমিকরা আরো জানায়, এরই জেরে আজ বিকালে কারখানার কয়েকশ শ্রমিক জামগড়া এলাকায় টঙ্গী-আশুলিয়া-ইপিজেড সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করে। এসময় সড়কটিতে প্রায় আধ ঘন্টা যান চলাচল বন্ধ থাকে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে শ্রমিকদের বুঝিয়ে সড়ক থেকে সরিয়ে দিলে বিকাল ৫টায় সড়কটিতে যান চলাচল স্বাভাবিক হয়।

আশুলিয়া শিল্প পুলিশ-১ এর পরিদর্শক (ইন্টেলিজেন্স) মাহমুদুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, দুই মাসের বকেয়া বেতনের দাবিতে জামগড়া এলাকার মেসার্স বাঁধন করপোরেশন লিমিটেড কারখানার শ্রমিকরা বিক্ষোভ মিছিল নিয়ে টঙ্গী-আশুলিয়া-ইপিজেড সড়কে অবস্থান নেয়। এসময় কিছু সময় সড়কটিতে যান চলাচল বিঘ্নিত হয়। পরে পুলিশ শ্রমিকদের বুঝিয়ে সড়ক থেকে সরিয়ে দিলে পরিস্থিতি স্বাভাবিক হয়।